# *বিশ্বাসের দ্বারা, মোশি*

ধন্যবাদ, ভাই নেভিল। শুভ সকাল সবাইকে। আজ ট্যাবারনাকেলে আসা একটি আনন্দের বিষয়। আমি ভেবেছিলাম আজ সকালে যদি আমি ভাই নেভিলকে বার্তা প্রচার করতে বলি, তাহলে আমি আজ রাতে চেষ্টা করব। আর আমি আজ সকালে রবিবারের বিদ্যালয়ের একটি পাঠের দিকে তাকিয়ে ছিলাম। আর...যদি প্রভু চান, আমরা চেষ্টা করব, এই—এই রবিবারের বিদ্যালয়ের পাঠটি নেওয়ার জন্য।

2 এখন, আমি এখানে আসার পর থেকে এখন প্রায় দুই সপ্তাহ হয়ে গেছে। আপনারা বুঝতে পেরেছেন আমি খুব নার্ভাস ছিলাম, যে, কার্যক্ষেত্রে, আমি সত্যিকারের, সত্যিকারের ক্লান্ত হয়ে পড়েছিলাম আর খুব বেশিদূর যেতে পারতাম না। আর আমাকে একটু বিশ্রামের জন্য আসতে হয়েছিল। আর আমি প্রায় তিন দিন উলফ ক্রিক ড্যামের নিচে ছিলাম, কেন্টাকিতে, যেখানে আমার জন্ম হয়েছিল। আমি ভেবেছিলাম, "ওহ, আমার এখন খুব ভালো মনে হচ্ছে। আমি ভালো আছি।"

3 আর আমি বাড়িতে ফেরার পর, প্রথম বিষয় আমার সামনে আসে একটি সরকারী কাজ আয়করের সাথে। আমি পুনরায় তলানিতে চলে যাই। তাই আমি বুঝতে পেরেছিলাম যে আমাকে বিশ্রাম নিতে এক বা দুই সপ্তাহের বেশি সময় লাগবে।

4 আর আমার সেবাকার্য এই পরিবর্তন করার জন্য ঠিক করছে। আর আমার কোন সভা নির্ধারিত নেই। আর সেই কারণেই আমি একরকম সরে এসেছি, আর ভাবলাম, এখন আগামী কয়েক সপ্তাহ, আমি শুধু বিশ্রাম নিবো, সম্পূর্ণ বিশ্রাম নিবো এবং প্রভুর জন্য অপেক্ষা করবো।

5 আর এখানে আপনাদের অনেকে, যারা পুরানো সময়ের, যারা এতদিন ধরে আমাদের সাথে আছেন, মনে রেখেছেন যে প্রভু আমাদের যা বলেছেন, তিনি করবেন বলে, তিনি সর্বদা তা পালন করেছেন।

6 মনে রাখবেন, ঠিক শুরুতে, যখন এখানে মণ্ডলীতে, যে দিন সকালে আমরা ট্যাবারনাকেলের প্রস্থর স্থাপন করেছিলাম, তিনি কিভাবে...এটা আমার বাইবেলের খালি পৃষ্ঠায়, এবং প্রস্থরের মধ্যে

লেখা রয়েছে। সেই সকালে, সেই মহান দর্শন, বললেন, “এটা তোমার ট্যাবারনাকেল নয়।”

7 আমি বলেছিলাম, “এটা কোথায় আছে, প্রভু ?” তিনি আমাকে আকাশের নিচে বসিয়ে দিলেন। আর একটি আওয়াজ আসলো। আর আমি তাকিয়ে দেখলাম সেখানে তিনটি ক্রুশ রয়েছে, যেমন, গাছ আর ফল, ইত্যাদি। আপনারা জানেন দর্শন কি। বছরের পর বছর ধরে এটা লেখা হয়েছে।

8 অন্য দিন, একটি পুরাতন বই নিয়ে, এমন কিছু বিষয় পাঠ করার সময় যা প্রভু বলেছিলেন, ভবিষ্যদ্বাণী করেছিলেন; যা ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে। এই তরুণদের বিষয়ে, কিভাবে যুদ্ধ শুরু হবে, আর এই সকল বিষয় বাস্তবায়িত হয়েছে।

9 শুধু দুটি বিষয় বাকি রয়েছে, সেই মহান ভবিষ্যদ্বাণীগুলির মধ্যে একটিতে। যা হল, রাস্তায় ডিমের মতো দেখতে গাড়িগুলি রিমোট কন্ট্রোল দ্বারা চালিত হবে, আপনাদের এটিকে চালাতে হবে না। এটি স্বয়ং নিয়ন্ত্রিত হবে। আর তখন একজন মহান মহিলার উত্থান হবে, কারণ আমেরিকা হল নারীর রাষ্ট্র। আর এটা হবে...একজন মহান মহিলা উঠবেন, রাষ্ট্রপতি বা এই জাতীয় কিছু হবেন, রাষ্ট্রের মধ্যে। আর তারপর সেখানে সম্পূর্ণ বিনাশ আসবে। সম্পূর্ণ রাষ্ট্র নিশ্চিহ্ন হয়ে যাবে।

10 আর, সেটা, আমি অনুমান করি...এখন এটা প্রভু বলছেন না। (অন্যটি, মহিলাটির বিষয়ে, এটি প্রভু বলেছেন।) কিন্তু আমি ১৯৩৩ সালে অনুমান করেছিলাম, পৃথিবী ৭৭ এর আগে সম্পূর্ণ ধ্বংসের মুখোমুখি হবে।

11 আমি তখন জানতাম না যে তাদের কাছে এমন কিছু ছিল যা এটিকে ধ্বংস করতে পারে, যেটা তাদের এখন আছে, কিন্তু আমি রাষ্ট্রকে সম্পূর্ণ ধ্বংস হতে দেখেছি, শুধু গাছের কান্ড এবং এই জাতীয় জিনিসগুলি পড়ে ছিল।

12 তাই, এটি তার পথে রয়েছে। আর যদি এই সমস্ত অন্যান্য বিষয়গুলি যেমন তিনি বলেছিলেন ঠিক তেমনই বাস্তবায়িত হয়ে থাকে, তাহলে এটিও হবে, তিনি এখানে শাস্ত্রে যেমন বলেছেন, তিনি যা বলেছেন, যদি খ্রীষ্ট প্রথমবার এসে থাকেন, তিনি দ্বিতীয়বার আসবেন। আর তিনি যা কিছু বলেছেন সবই বাস্তবায়িত হবে। আর এটি দেখে, এবং জেনে যে আমরা...আমাদের সংখ্যাটি ডাকা হতে পারে, রাষ্ট্র হিসাবে, এই জেনে যে মণ্ডলী তার স্বর্গারোহণ গ্রহণ করতে যাচ্ছে। এটি একজন সেবক অথবা সাধারণ মানুষের

হৃদয়কে নাড়া দেয়, যে আমরা এই দিনে এবং সময়ে বাস করছি। এটি পৃথিবীর সর্বকালের সর্বশ্রেষ্ঠ সময়, এই মুহূর্তে; এটি, মণ্ডলীর জন্য। তাই আমি অবশ্যই আপনাদের প্রার্থনা কামনা করছি।

13 আর আমি ট্যাবারনাকেলের মধ্যে দেখেছি, আমি দেখেছি যে তাদের...কিছু পুনঃনির্বাচন ইত্যাদি হতে চলেছে, মণ্ডলীতে, কিছু সমিতির জন্য ইত্যাদি।

14 আর—আর মণ্ডলীর একটি সভার প্রয়োজন আছে, একটু আলোড়নের। আর আপনারা সর্বদা আমার প্রতি সদয় ছিলেন এবং আমাকে আশীর্বাদ করেছেন। আর আমি এখানে থাকার ফলে, মনে হয় আপনারা আশীর্বাদযুক্ত হয়েছেন। আর আমি নিশ্চিত, আপনাদের সাথে থেকে, আমি আশীর্বাদযুক্ত হয়েছি। আর আপনারা সর্বদা আমি যা বলেছি তা সত্য বলে মেনে নিয়েছেন, যেমন আমি ঈশ্বরের মাধ্যমে দেখেছি। আর আমি—আমি তার প্রশংসা করি।

15 আমি শুরু করার পর আমি খুঁজে পেলাম, আর আমাদের মণ্ডলী ঠিক করার জন্য, সমিতিগুলির মধ্যে, আর তারপরে নির্বাচনের জন্য ইত্যাদি। আর তারপর—তারপর, আমি ভাবলাম, তার পরে, আমি পুনরায় কার্যক্ষেত্রে ফিরে যাওয়ার আগে একটু বিশ্রাম নিই।

16 এটা নিজেদের মধ্যে রাখুন। এখন, এটি বহিরাগতদের জন্য নয়। এটা এই ট্যাবারনাকেলের জন্য। আমরা এই ট্যাবারনাকেলের সঙ্গে একটি সভা করতে চাই, যাতে সবকিছু এবং প্রতিটি ভুল, সমস্ত বিষয় যা চলে আসছিল, আর সম্ভবত একে অন্যের প্রতি মনমালিন্য; সেগুলি, আমি সেগুলি প্রত্যেকটি তাদের মুখোমুখি নিয়ে আসব। আপনারা যদি এর মুখোমুখি হতে না চান তবে আপনারা দেশ ছেড়ে চলে যান; কারণ আপনারা এর প্রতিটি অংশের সাথে মুখোমুখি হতে যাচ্ছেন, যেমন আমরা এখানে ট্যাবারনাকেলে করতাম। আর সবকিছু মসৃণ করা হবে, কারণ আমরা ভাই বোন, যারা সহভাগিতা ভঙ্গ করেছে, খ্রীষ্টের দেহ, আশীর্বাদের মেজ জুড়ে। কিছুই না, কিন্তু শয়তান এমন কিছু করবে যা ভুল, আর মনোমালিন্য সৃষ্টি করবে, অথবা বিচ্ছিন্ন করবে, অথবা এরকম কিছু। আমি আমাদের ভাই নেভিলকে নিয়ে যাচ্ছি, আমরা স্থানে স্থানে যাচ্ছি, আর মানুষকে মানুষের কাছে নিয়ে আসছি, একসাথে, ঈশ্বরের রাজ্যে প্রবেশ করার জন্য, যতক্ষণ না পুরানো ট্যাবারনাকেল ফিরে আসে, তার পায়ে পুনরায় প্রতিষ্ঠিত হয়। এখন, যে কারণে আমি এটা বলছি, কারণ আজ সকালে এখানে এটি আমাদের নিজেদের ছোট্ট মণ্ডলী।

17 এখন আমি কিছুটা বিশ্রাম নিতে যাচ্ছি, আর যত তাড়াতাড়ি সম্ভব ফিরে আসব। তারপর পুনরায় কার্যক্ষেত্রে নামব বলে আশা করছি। আর এইবার, যদি প্রভু চান, আমরা তহবিলে যা কিছু জমা করেছি তা আমি নিতে চাই, আর নিজের থেকেও, বাইরে, বিদেশে প্রচারের কর্মসূচিতে, আর একটি নতুন তাম্বু আর কিছু নতুন সরঞ্জাম নিয়ে, কার্যক্ষেত্রে কাজ শুরু করবো, মণ্ডলী থেকে মণ্ডলীতে নয়, কিন্তু আমাদের নিজেদের সভায় যাওয়ার জন্য।

18 এখন, যারা আমাকে আমন্ত্রণ জানিয়েছেন, যেটি খুবই ভালো, সেই ভাইদের উপেক্ষা করে নয়। কিন্তু বেশিরভাগই, আপনারা এই সভাগুলি খুঁজে পেয়েছেন, তারা বলে যে আপনি সেখানে থাকবেন, আর তখন আপনার সমস্ত বন্ধুরা আসেন, আর তখন অর্থের জন্য প্রচুর ঢাক বাজানো হয়। সেই লোকদের নিঃস্ব করে দেয়। আমি এটি খুঁজে পেতে শুরু করেছি, আপনারা দেখুন। তাই এটি—এটি ঠিক নয়। আমরা একটি স্থান চাই যেখানে আমরা তাদের আনতে পারি। আপনাদের টাকা আনতে হবে না। শুধু আপনারা আসুন, নিজে, আর—আর প্রভুর সেবা করুন। দেখুন ? আর তাই এখন...

19 আর আমার সেবাকার্য ঠিক এখন একটি পরিবর্তন নিয়েছে। আপনাদের মনে আছে যখন আমি লোকেদের হাত ধরতাম, আর সেখানে দাঁড়িয়ে, প্রভু আমাকে বলতেন তাদের সমস্যা কি। বলেছিলেন, “তখন এটা ঘটবে, তুমি লোকদের মনের গোপন কথা জানতে পারবে।” আপনারা প্রত্যেকেই জানেন যে তিনি যেভাবে বলেছিলেন ঠিক তেমনই ঘটেছে। এখন এটি পরবর্তী পদক্ষেপ, যা ভবিষ্যদ্বাণী করা হয়েছে এবং পূর্বেই বলা হয়েছে, যা বাকিগুলির থেকে ভিন্ন হতে চলেছে, আপনারা দেখতে পাচ্ছেন। আর এটি এখন পরিবর্তনের মধ্যে রয়েছে।

20 আর সেই কারণেই শয়তান আমার সাথে আয়কর নিয়ে লড়াই করছে, আমাকে বলার চেষ্টা করছে, সরকার, সেবক হিসেবে আমার নেওয়া প্রতিটি পয়সার উপর আয়কর আছে, সাতাশ বছর আগে সেবাকার্যে প্রবেশের পর থেকে। এটা তেমন নয়, কারণ এটি এখানে মণ্ডলীর মধ্য দিয়ে গেছে।

21 আমি এই মণ্ডলীর ট্রাস্টি। এটা একদম ঠিক। এটা এখানে রেকর্ডে আছে। তাই, তাহলে, আমি যদি এই মণ্ডলীর ট্রাস্টি-কোষাধ্যক্ষ হতাম, তাহলে পৃথিবীতে কিছুই নেই...এতে সরকারের কিছু করার নেই। তারা মণ্ডলীকে প্রশ্ন করছে না। তারা আমাকে মণ্ডলীর কোষাধ্যক্ষ হওয়া নিয়ে প্রশ্ন করছে। আর ট্রাস্টিরা একটি কাগজে স্বাক্ষর করেছেন যেটি ব্যাংকে রয়েছে, যে আমার সমস্ত

তহবিল...আমার নিজের একটি প্রতিষ্ঠানের পরিবর্তে, আমি এখানে আমার মণ্ডলীকে দিয়ে দিয়েছি, কারণ এটি যেভাবেই হোক স্বয়ংক্রিয়ভাবে একটি প্রতিষ্ঠান।

22 আর সেটি করার জন্য, আমাকে মণ্ডলী থেকে দূরে যেতে সাহায্য করে, আর বাইরে যাওয়ার ফলে এখানে কিছুই হচ্ছে না। আমি লোকেদের প্রতিশ্রুতি দেওয়ার পরে যে আমি মণ্ডলীতে ফিরে আসব, কিছু সময়ের পর, আর তাদের সাহায্য করব। এই কারণেই আমি এটি এভাবে রেখেছি, কারণ আমি আপনাদের কাছে একটি প্রতিশ্রুতি দিয়েছি। সেই জন্য একজন ব্যক্তি রাখার পরিবর্তে আমি এর সাথে থাকি। তারপরে, আপনারা যদি এটি করেন, তবে এটি একটি সংস্থার কাছে নিক্ষেপ করবে। আর আমি দৃঢ়ভাবে সংগঠনের বিরুদ্ধে। তাই আমি—আমি এটা ঠিক যেভাবে ঈশ্বরের হাতে আছে সেভাবেই রাখব, যাতে আমরা ঈশ্বরের রাজ্যের জন্য এগিয়ে যেতে পারি।

23 এখন, আজ সকালে, আমরা এই আশীর্বাদপূর্ণ পুরানো বাক্য অধ্যয়ন করতে চাই, আর বিশ্বাস করি।

24 এখন, আমি বলতে চাই...আমি ভাই ইগান আর অনেকে, ট্রাস্টিদের মধ্যে থেকে এখানে বসে আছেন, অন্য রাতে আমাদের ট্রাস্টিদের সভা করার পর; এটা সত্য, আমি প্রকাশ্যে মণ্ডলীর সামনে, যে আপনারা কেউই একজন—একজন নিযুক্ত ট্রাস্টি নন। আপনারা হলেন মনোনীত ট্রাস্টি, আর আপনার নাম পুস্তকে রয়েছে। ঠিক আছে।

25 আর এখন তারা আরও কিছু ডিকন—ডিকনদের নির্বাচন করতে যাচ্ছেন, আর ভাই নেভিল এই সভার পরপরই তাদের ডাকবেন, ঠিক আছে, আর কোষাধ্যক্ষ ইত্যাদির জন্য, যখন আমরা মণ্ডলী স্থাপন করি। সমস্ত পটভূমি প্রস্তুত করি, তখন আমরা একটি পুনরুজ্জীবন পেতে পারি, যখন এটি আসে।

26 এখন, আমরা পৃষ্ঠাগুলিতে ফিরে যাওয়ার আগে, আমাদের রবিবার স্কুল পাঠের জন্য, জীবন্ত ঈশ্বরের এই মহান বাক্যের প্রতি, আসুন আমরা এই বইটির লেখকের সাথে কথা বলার সময় কয়েক মুহূর্ত মাথা নত করি। আর এখন সকল চিন্তাভাবনা দূরে রাখুন, সমস্ত কিছু যা বিপরীতে, আপনাকে আশীর্বাদযুক্ত করা থেকে বিরত রাখে।

আসুন প্রার্থনা করি।

27 পরম পবিত্র এবং ন্যায়পরায়ণ ঈশ্বর, আপনার আশীর্বাদময় উপস্থিতিতে আমরা এখন এসেছি, আপনাকে আমাদের জীবন,

আমাদের—আমাদের আত্মা, আমাদের দেহ, আমাদের সত্তা এবং আমাদের প্রতিভা উৎসর্গ করি। আর আমাদের যা কিছু আছে, আমরা সেগুলো আপনার কাছে উৎসর্গ করি। আর আপনি যখন আমাদের দিকে দৃষ্টিপাত করেন, প্রভু, যদি উলঙ্গ এবং অস্বীকৃত কোনো পাপ থাকে, হে প্রভু ঈশ্বর, আমরা আপনার কাছে অনুরোধ করি যে আপনি আপনার পুত্র যীশুর রক্তকে সেই স্থানে প্রয়োগ করবেন। কারণ, উপলব্ধি করি যে আমরা নিজেদের মধ্যে অপর্যাপ্ত, এবং সেখানে আমাদের পক্ষে স্বনির্ভর থাকা অসম্ভব। কিন্তু আমরা সম্পূর্ণরূপে আমাদের মূল্য বিচারে তাঁর মূল্যবান রক্তের উপর, এবং তাঁর অনুগ্রহের উপর নির্ভর করি, যাতে আমরা, অযোগ্য পাপীরা সাহসের সাথে একদিন আপনার উপস্থিতিতে আসতে পারি, আমাদের সামনে প্রভু যীশুর এই রক্ত নিয়ে আসতে পারি। যা, আপনি, অতীতে, এটি আপনার একমাত্র পুত্রের রক্ত বলে স্বীকৃতি দিয়েছেন, এবং প্রতিজ্ঞা করেছেন যে, "তাঁহার মাধ্যমে, আমরা যদি আমাদের পাপ স্বীকার করি, তাহলে তাঁহারই অনুগ্রহে আমরা ধার্মিক গণিত হব।"

28 আর এখন আমরা প্রার্থনা করি, প্রভু, আপনি আমাদের ভুল সকল, অন্যায় বা বর্জনীয় পাপ ক্ষমা করবেন, পাপ, যদি কোন মন্দ চিন্তা আমাদের আত্মাকে বিদ্ধ করে, শয়তানের জ্বলন্ত বাণ দ্বারা, আপনি আপনার এবং আপনার লোকদের এই শত্রুকে তাড়িয়ে দিবেন।

29 আর আমরা প্রার্থনা করি যে আপনি এখন বাক্য ধরে রাখার জন্য পবিত্র আত্মা প্রেরণ করবেন, যেমন আমরা নিজেদেরকে মাধ্যম হিসাবে তুলে ধরি, যেন আপনি আমাদের মাধ্যমে আপনার বাক্য বলেন এবং আমাদের মাধ্যমে আপনার বাক্য শুনেন। আর বিনিময়ে আমরা যেন আপনার কাছ থেকে এটি গ্রহণ করি, আর আজ এই স্থান থেকে যাওয়ার সময় যেন আমরা অনুভব করি যে আমরা খ্রীষ্টের দ্বারা পুনরায় সমন্বায়িত হয়েছি; পবিত্র আত্মার দর্শনের জন্য আমরা আজ রাতে এবং আগামীকালের সভার জন্য আরও উপযুক্ত হতে পারি।

30 সর্বত্র আমাদের ভাইদের আশীর্বাদ করুন, সারা বিশ্বে সকল মণ্ডলীকে, যারা এই মন্দ সময়ে জীবনের বাক্য উপরে তুলে ধরে রেখেছেন। আমরা মনে করি যে কাজ করার জন্য খুব বেশি সময় বাকি নেই, কারণ রাত দ্রুত আসছে। যুদ্ধের মেঘ পুনরায় ভাসছে। মন্দ হাতের মুঠোয় এসে গেছে, এবং আমরা প্রার্থনা করি যে আপনি আমাদেরকে আগের মতো কাজ করতে দিবেন। আমাদের ক্লান্ত

শরীরকে বিশ্রাম দিন, প্রভু, আর আমাদের যুদ্ধে ফেরত পাঠান। কারণ আমরা এটি প্রভু যীশুর নামে চাই এবং তাঁর জন্য প্রার্থনা করি। আমেন।

31 আজ সকালে আমরা যখন বাইবেল খুলি, ইব্রীয় তার—তার ১১ অধ্যায়।

32 বুধবার রাতে আমরা ইব্রীয় তার ৭তম অধ্যায়ের নিয়ে কথা বলছিলাম, "মল্কীষেদক, তাঁহার পিতা নাই, মাতা নাই, আয়ুর আদি কি জীবনের অন্ত নাই।"

33 আর আমি ভেবেছিলাম, হয়তো, আজ সকালে, এই বিস্ময়কর পুস্তকটি পুনরায় খোলা উপযুক্ত হবে, আমরা যা বলতে চাই পূর্ববর্তী পাঠে তার পটভূমি রয়েছে। এবং ১০ অধ্যায় এবং ৯ অধ্যায় এড়িয়ে গিয়ে, যা হল উৎসর্গের বিধি, আমরা একটি "বিশ্বাস" এর বিন্দুতে আসব। এখানে ইব্রীয় পুস্তকে, ১১ অধ্যায়ে, ২৩ তম পদ থেকে শুরু করে, আমরা এটি এভাবে পাঠ করবো:

> *বিশ্বাসে, মোশি জন্মিলে পর, তিন মাস পর্য্যন্ত পিতামাতা কর্ত্তৃক গোপনে রক্ষিত হইলেন, কেননা তাঁহারা দেখিলেন, শিশুটী সুন্দর; আর রাজার আজ্ঞাতে ভীত হইলেন না।*
>
> *বিশ্বাসে মোশি বয়ঃপ্রাপ্ত হইলে পর ফরৌণের কন্যার পুত্র বলিয়া আখ্যাত হইতে অস্বীকার করিলেন;*
>
> *তিনি পাপজাত ক্ষণিক সুখভোগ অপেক্ষা বরং ঈশ্বরের প্রজাবৃন্দের সঙ্গে দুঃখভোগ মনোনীত করিলেন;*
>
> *তিনি মিসরের সমস্ত ধন অপেক্ষা খ্রীষ্টের দুর্নাম মহাধন জ্ঞান করিলেন:*...আর *তিনি পুরস্কারদানের প্রতি দৃষ্টি রাখিতেন।*
>
> *বিশ্বাসে তিনি মিসর ত্যাগ করিলেন, রাজার কোপ হইতে ভীত হন নাই: কারণ যিনি অদৃশ্য, তাঁহাকে যেন দেখিয়াই স্থির থাকিলেন।*

34 আমি আজ সকালে "বিশ্বাসের দ্বারা নির্বাচন" বিষয়টি নিতে চাই। আর আমি একটি পাঠ্যের জন্য ২৩ তম অধ্যায়ের প্রথম তিনটি শব্দ নিতে চাই, *বিশ্বাসের দ্বারা, মোশি।* আর, "বিশ্বাসের দ্বারা নির্বাচন," আমরা যা কিছু করি তার বেশিরভাগই আমাদের বিশ্বাসের দ্বারা বেছে নিতে হয়। আর আমরা যা কিছু দেখতে পাই যেটা মোশি করেছিলেন, তা পুনরাবৃত্তি করার যোগ্য, সেটা বিশ্বাসের দ্বারা ছিল; দৃষ্টি দ্বারা নয়, কিন্তু বিশ্বাস দ্বারা।

35 আর যে কারণে আমি আজ সকালে এই প্রদেশে মণ্ডলীর জন্য এটি নির্বাচন করেছি, আমাদের মধ্যে যে...এমনকি আমাদের বিদ্যালয়গুলি, আর আশেপাশে, অনেক বৈজ্ঞানিক শিক্ষা আমাদের কাছে রয়েছে। এই কারণে, আমরা লোকদের বিশ্বাস থেকে দূরে সরিয়ে নিয়েছি। এখন, বিজ্ঞান দ্বারা বিশ্বাস প্রমাণিত নয়। বিশ্বাস এমন একটি বিষয় যা বিজ্ঞান দেখতে পায় না। আর আমরা... আমরা যদি কখনো এই বিশ্বাস হারিয়ে ফেলি, তাহলে আমরা সম্পূর্ণ অন্ধকারে চলে যাই, এটি...আমরা যতই শিক্ষিত হই না কেন, আমরা ঈশ্বরের বাক্য কিভাবে ব্যাখ্যা করতে পারি, আমাদের নিজস্ব বিশ্বাসের মানানসই ভাবে।

36 ঈশ্বরকে সন্তুষ্ট করার কোন উপায় নেই, শুধুমাত্র বিশ্বাস দ্বারা। শাস্ত্র স্পষ্টভাবে এটি বলে, এটি বিশ্বাসের দ্বারা। "আর বিশ্বাস ছাড়া," শাস্ত্র বলে, "ঈশ্বরকে খুশি করা অসম্ভব।"

37 যদি বিশ্বাস বিজ্ঞানের সাথে একমত না হয় এবং বিজ্ঞান বিশ্বাসের সাথে একমত না হয়, তাহলে সেটা তাদের একে অপরের প্রান্তে—প্রান্তে রাখে, তখন আমাদের অবশ্যই মোশির মত বেছে নিতে হবে। বিশ্বাস দ্বারা আমরা বিশ্বাস করি!

38 এখন, আমরা যদি বিশ্বাস হারিয়ে ফেলি, তাহলে আমরা কখনই ঈশ্বরের কাছে প্রার্থনার উত্তর পাব না। "কারণ যে ব্যক্তি ঈশ্বরের নিকটে উপস্থিত হয়, তাহার ইহা বিশ্বাস করা আবশ্যক যে ঈশ্বর আছেন, এবং যাহারা তাঁহার অন্বেষণ করে, তিনি তাহাদের পুরস্কারদাতা।" সুতরাং, আমরা যদি বিশ্বাস হারিয়ে ফেলি, আমাদের প্রার্থনা বাতিল হয়ে যায়; আমরা কোথাও পৌঁছাতে পারি না।

39 তাই আজ সকালে আমরা যা ভাবতে পারি তা হল বিশ্বাসকে ধরে রাখা। যদি, আমরা বিশ্বাস হারিয়ে ফেলি, আমাদের সমস্ত আশা শেষ হয়ে যাবে। আর আমরা যদি বিশ্বাস হারিয়ে ফেলি, আমাদের সমস্ত আধ্যাত্মিক বাস্তবতা চলে যাবে। কারণ, আপনারা যা দেখতে পান তাতে বিশ্বাস রাখতে পারেন না, কারণ আপনারা যা দেখেন তা সকলই বিনাশশীল।

40 আমরা যদি কোন মহান ব্যক্তি, কোন মহান সেবক অথবা একটি মণ্ডলীর দিকে তাকাই, তারা সকলেই একদিন বিনাশ হয়ে যাবে। আর আমরা যদি একটি মহান রাষ্ট্র অথবা একটি বৃহৎ অস্ত্রের দিকে তাকাই, তারা সকলেই একদিন বিনাশ হয়ে যাবে। আর তখন আমাদের অবশ্যই বিশ্বাসের দ্বারা বাঁচতে হবে, সেই বিষয়গুলির

উপর যা বিজ্ঞান ব্যক্ত করে না। এটি বিশ্বাসের দ্বারা যা আমরা বিশ্বাস করি।

41 এখন, আমরা বিশ্বাস হারালে আমাদের মহিমা হারিয়ে ফেলব। এখন, আমরা যদি বিশ্বাস থেকে দূরে সরে যাই, তখন আমরা মণ্ডলীকে একটি বুদ্ধিবৃত্তিক অবস্থায় নিয়ে যাই।

42 আর অনেক সময়, লোকেরা এটা মনে করে থাকে, একটি মণ্ডলী বড় হলে, আর তাদের বৃহৎ গীর্জা থাকলে, বড় বড় বুরুজ, আর অনেক বড়, অনেক সুসজ্জিত লোক, এবং প্রচুর অর্থ, যা দিয়ে তারা এই জাতীয় জিনিসগুলি বহন করতে পারে, আমরা অনেক সময় এই সকল বিষয়গুলি অনুপ্রেরণামূলক বলে মনে করি, যে এই মণ্ডলীটি অবশ্যই অনুপ্রাণিত। অথবা, আমরা প্রায়ই বিভিন্ন সেবকদের উল্লেখ করেছি যারা মাঠে নামেন এবং প্রচুর ভিড় একত্রিত করেন, আর আমরা কখনও কখনও মনে করি, তারা অনুপ্রেরণার লক্ষণ। কিন্তু এটি সম্পূর্ণ সত্য নয়। সেটি হল মানুষের অনুপ্রেরণা।

43 কিন্তু প্রকৃত অনুপ্রেরণা আসে ঈশ্বরের ইচ্ছা পালন করার মাধ্যমে। দেখুন ? সেটি একজন হোক অথবা মুষ্টিমেয়। এটি বড় গির্জা, না ছোট গির্জা, সেটা গুরুত্বপূর্ণ নয়। তিনি একজন অনেক বড় সুবক্তা হন, অথবা শুধুমাত্র একজন মানুষ যিনি ঈশ্বরের উপর বিশ্বাস বিষয়ে কম জানেন, তাতে কিছু যায় আসে না। এটা নির্ভর করে তিনি যে বার্তা নিয়ে আসছেন, সেটি ঈশ্বরের বাক্য দ্বারা অনুপ্রাণিত কিনা, অথবা, এটি কি মানুষের বুদ্ধিবৃত্তিক ধারণা দ্বারা অনুপ্রাণিত ?

44 একজন সুবক্তার কারণে কিছু লোক অনুপ্রাণিত হতে পারেন। এটা সঠিক নয়। কখনও কখনও তারা অনুপ্রাণিত হন কারণ বক্তা এতটাই প্রশিক্ষিত হন যে তিনি তার কথা তুলে ধরতে পারেন। তার মানে এই নয় যে এটা ঈশ্বর থেকে। দেখুন ?

45 আমরা শুধুমাত্র ঈশ্বরের চিরস্থায়ী, চিরন্তন আশীর্বাদপূর্ণ বাক্যের মাধ্যম অনুপ্রেরণা পেতে পারি, এবং এটি পবিত্র আত্মা দ্বারা প্রদত্ত। বিশ্বাস দ্বারা আমরা এটি গ্রহণ করি।

46 এখন আমরা মোশি এবং তার জীবনের এই মহান সময়ের কথা চিন্তা করব। আর আমরা তার জন্মের কথা, এবং কিভাবে ঈশ্বর তার যত্ন নিয়েছিলেন তা পাঠ করি, কিন্তু মোশির জীবনে এমন একটি সময় আসে যেখানে তাকে একটি চয়ন করতে হয়েছিল। যদি আমরা সঠিকভাবে পাঠ করি, তাহলে আমরা খুঁজে পাবো যে তিনি ফরৌণের কন্যার পুত্র এবং সিংহাসনের উত্তরাধিকারী ছিলেন, এবং মিশরে পরবর্তী ফরৌণ হতেন। তাই বয়ঃপ্রাপ্ত এবং দায়বদ্ধ

হবার পর তিনি চারপাশে তাকিয়ে লক্ষ্য করে থাকবেন, সেখানে সেই ক্রীতদাসরা পাঁকের গর্তে কাজ করছে। আর মোশি, প্রাসাদের জানালা দিয়ে যখন বাইরে দেখেন, সেই একই দাসদের দিকে যাদের ফরৌণ দেখতেন, কিন্তু সেই দেখাতে একটি পার্থক্য ছিল।

47 আমি এই বিষয়ের উপর ভিত্তি করতে চাই, আজ সকালে, কয়েক মিনিটের জন্য, আর স্বর্গের ঈশ্বর যেন এখানকার প্রত্যেকজনের হৃদয়ে এটি চালনা করেন, এটা আপনি কোনও বিষয়কে কীভাবে দেখেন, তা সেটা নির্ণয় করে।

48 ধর্মপ্রচারক, জন স্প্রেউল, যিনি ভাই বসওয়ার্থের সেবাকার্যের দ্বারা ধর্মান্তরিত হয়েছিলেন, যাকে আপনারা অনেকেই মনে রেখেছেন বহু বছর আগে, ওল্ড গ্লোরি বার্ন। তিনি বলেছিলেন, একদিন তিনি বেড়াতে যাচ্ছিলেন, তার প্রিয় সঙ্গিনী, তার স্ত্রীর মৃত্যুর আগে। তারা ফ্রান্সের লরেনের লা সলে ছিল। আর আমি একই স্থানে যাওয়ার সৌভাগ্য পেয়েছিলাম। আর পথপ্রদর্শক তাদের বাগানের মধ্য দিয়ে নিয়ে যাচ্ছিলেন আর তাদের বিভিন্ন জিনিস দেখাচ্ছিলেন। আর তারা ক্রুশবিদ্ধ প্রভু যীশুর একটি মূর্তির কাছে নিয়ে আসেন। আর মহাশয় স্প্রাউল তফাতে দাঁড়িয়ে ছিলেন, তিনি এবং তার স্ত্রীর এর দিকে তাকিয়ে ছিলেন, আর, তাদের অন্তরে, সমালোচনা করছিলেন যে শিল্পীর মনে কি ছিল, ভাস্করের, বরং, যখন সে পাথর কেটে বের করে, প্রভু যীশুর দুঃখ, ভালবাসা এবং করুণার প্রতিনিধিত্ব করার জন্য এমন একটি ভয়ঙ্কর চেহারার জিনিস, আর এটা কেমন অশোভনভাবে খোদাই করা হয়েছিল। আর পথপ্রদর্শক মহাশয় স্প্রেউলের কাছে এসে বললেন, "মহাশয়, আমি মনে করি আপনি প্রভু যীশুর এই মূর্তিটির সমালোচনা করছেন।"

আর তিনি বললেন, "আমি করছি।"

49 আর তিনি বললেন, "আমি একটু বিস্মিত নই, কারণ বেশিরভাগ লোকেরা যারা এটি দেখেন, প্রথমে তারা এটির সমালোচনা করেন।"

50 আর মহাশয় স্প্রেউল বললেন, "কেন, আমি এমন কিছু দেখে কোনো প্রকার সমবেদনা বা কোনো অনুপ্রেরণা দেখতে পাচ্ছি না, তাই আমি ভাবছি কেন ভাস্কর এটিকে এভাবে তৈরি করেছেন।"

51 "আর সেই ভাস্কর..." বললেন, "মিস্টার স্প্রেউল, এই মূর্তিটি ঠিক আছে, এবং ভাস্করের মনে সঠিক জিনিস ছিল। কিন্তু সমস্যা আপনার সঙ্গে আছে। আপনি যেভাবে এর দিকে দেখছেন

সেখানেই।” আর তিনি তাঁর এবং তাঁর স্ত্রীর হাত ধরে এই ক্রুশের পাদদেশে একটি বেদীর কাছে নিয়ে যান। আর তিনি বললেন, “এখন, মহাশয় স্প্রেউল, এখন দেখুন।” আর যখন তিনি তাকালেন, তিনি বলেছিলেন যে তার হৃদয় তাকে ব্যর্থ করে দেয়। এটি কতটা পৃথক, সেখানে দাঁড়িয়ে থেকে এর দিকে *এভাবে* তাকানো, আর নিচে নেমে, এটি যেভাবে তৈরি করা হয়েছিল সেভাবে তার দিকে দেখা।

52 আর ঈশ্বর এরকমই। বিশ্বাসও এরকমই। আপনি এর দিকে যেভাবে দেখেন। আপনি যদি এটিকে ঐতিহাসিক বাইবেল হিসাবে দেখেন, যা অতীতের দিনগুলিতে ঘটেছিল, আপনি কখনই বাইবেলের প্রকৃত মূল্য পেতে সক্ষম হবেন না। আপনাকে হাঁটু পেতে, এই বাইবেলের আদেশ মান্য করতে হবে, এবং পবিত্র আত্মার চক্ষু দিয়ে এটি দেখতে হবে।

53 আমি এই শ্রোতাদের আজ সকালে জিজ্ঞাসা করবো: একজন ঐতিহাসিক ঈশ্বর, যদি তিনি একই না থাকেন, তাহলে আজ আমাদের কী উপকার করতে পারে? একজন ঈশ্বর কি উপকার করবেন, যিনি মোশিকে নিয়ে তার সঙ্গে অলৌকিক কাজ করেন, যা তিনি করেছিলেন, এইরকম একজন ঈশ্বরের বিষয়ে পাঠ করে আমাদের কী লাভ হবে, যদি তিনি আজ একই না হন? একজন ঈশ্বর, যিনি আগুনের চুল্লি থেকে ইব্রীয় সন্তানদের উদ্ধার করতে পারেন, আজ যদি তিনি একই ঈশ্বর না হন তাহলে কি উপকার হবে? একজন ঈশ্বর কত ভালো হবেন, যিনি একদিন সঠিক ও অন্যায়ের বিচার করবেন, আর সেই দিন গত হয়েছে, আর অন্যায়কারী ব্যক্তিদের শাস্তি প্রদান করবেন এবং সঠিককে আশীর্বাদযুক্ত করবেন, যদি তিনি আজ একই ঈশ্বর না হন? আমরা কিসের জন্য মণ্ডলীতে যাই? কেন আমরা জগতের বিষয় থেকে বিরত থাকি, যদি তিনি একই বিচারের জন্য একই ঈশ্বর না হন, আর একই অভিমত যা তিনি সবসময় রাখেন? একজন ঈশ্বরের জন্য কি ভালো হবে, যিনি প্রচণ্ড জ্বরে একজন নারীর হাত স্পর্শ করেন এবং জ্বর থেকে আরোগ্যপ্রদান করতে পারেন, যদি তিনি আজ একই ঈশ্বর না হন? এমন একজন ঈশ্বরের সেবা করে কি ভালো হবে, যিনি চারদিন পর মৃত অবস্থায় তার বন্ধুকে কবর থেকে ডাকতে পারেন, যদি তিনি আজ একই ঈশ্বর না হন?

54 বিশ্বাসের দ্বারা আমরা বিশ্বাস করি যে কোন এক মহিমান্বিত দিনে তিনি আমাদের পৃথিবী থেকে ডাকবেন, যদিও আমরা এক চামচ ছাই হয়ে যাই। আমরা এটা কিভাবে প্রমাণ করব? আমরা এটা প্রমাণ

করি না। আমরা এটা বিশ্বাস করি। আমাদের কিছু প্রমাণ করতে বলা হয়নি। আমাদের এটা বিশ্বাস করতে বলা হয়েছে।

55 বিশ্বাসের দ্বারা মোশি *অমুক-অমুক* করেছিলেন। আর মোশি, যখন যুবক ছিলেন, প্রাসাদের জানালা দিয়ে দাসদের দিকে তাকালেন, তিনি সেই ময়লা, নোংরা, কাদামাখা দাসদের দেখলেন, যাদের ফরৌণ দেখেছিলেন।

56 আর যখন ফরৌণ তাদের এবং মিশরীয়দের দিকে তাকাতেন, তখন তারা দাসদের দল ছাড়া আর কিছুই ছিল না। তারা শুধু মাটির কারিগর ছিল, সেই কাজের জন্যই তারা ভালো ছিল, ফরৌণ যে শহরগুলো নির্মাণ করছিল তার জন্য কর্দমাক্ত ইট তৈরি করার জন্য। দাসদের প্রতি মিশরীয়রা ও ফরৌণ এইভাবে দেখতেন।

57 কিন্তু মোশি, যখন তিনি তাদের দিকে দেখলেন, তখন মোশির এক অন্যরকম দৃষ্টি ছিল। তিনি যখন জানালার পাশ দিয়ে যাওয়ার সময় দেখতে পান, তাদের মুখে বড় বড় খাদ, তাদের গাল বেয়ে অশ্রু, এবং তাদের বাঁকানো শরীর, তিনি তাদের ঈশ্বরের লোক হিসাবে দেখেছিলেন। তিনি তাদের দাস হিসেবে দেখেননি। তিনি তাদের ঈশ্বরের মনোনীত লোক হিসাবে দেখেছিলেন।

58 আর, ওহ, যখন আমি ঘুরে বেড়াই, দেশ থেকে দেশে, আর রাষ্ট্র থেকে রাষ্ট্রে, প্রচারের জন্য! যখন আমি এই ছোট্ট ট্যাবারনাকেলের থেকে বাইরে বেরিয়েছি, যা একটি আন্তঃধর্মসাম্প্রদায়িক প্রতিষ্ঠান, প্রেম ছাড়া অন্য কোন আইন নেই, বাইবেল ছাড়া অন্য কোন পুস্তক নেই, খ্রীষ্ট ছাড়া অন্য কোনো ধর্ম নেই, আমি ঈশ্বরের সন্তানদের দেখার চেষ্টা করেছি, এবং প্রত্যাখ্যাতদের উপর, ঈশ্বরের মনোনীত এবং নির্বাচিত লোক হিসাবে। আমি তাদের জিজ্ঞাসা করি না যে তারা ব্রানহাম ট্যাবারনাকেলের অন্তর্গত কিনা। আমি তাদের জিজ্ঞাসা করি না যে তারা মেথডিস্ট, অথবা তারা প্রেসবিট্যারিয়ান কিনা, অথবা যদি তারা পেন্টিকোস্টাল, অথবা নাজারেন, অথবা পিলগ্রিম হোলিনেস কি না, আমি শুধু তাদের ঈশ্বরের লোক হিসাবে দেখতে চাই। আর তাদের কাজকর্মগুলি দেখে, যে তারা প্রভু ঈশ্বরের দাস, আর আমার হৃদয় তাদের সাথে বন্ধুত্ব কামনা করে, তারা কোন ছাপ পেয়েছে, তা বিবেচনা না করে। আমি শুধু তাদের সহযোগীতা কামনা করি। আমি তাদের ভালবাসি কারণ আমি জানি তারা ঈশ্বরের লোক।

59 আমি যখন দেখি, একজন মহিলাকে রাস্তা দিয়ে আসতে দেখি, লম্বা স্কার্ট পরিধান করে, তার চুলগুলি পিছনের দিকে সুন্দরভাবে

আঁচড়ানো, আর—আর একটি শালীন পোষাক পরিহিত; আর আমি আরেকজন যুবতী মহিলাকে দেখতে পাই, সম্ভবত একই বয়সী, তার পরনে একটি ছোট হাফপ্যান্ট; সে হয়ত, চেহারায় দেখতে, লম্বা চুলযুক্ত মহিলার চেয়ে দ্বিগুণ সুন্দর হতে পারে, কিন্তু আমি সেই মেয়েটির পক্ষ নিবো যিনি একজন খ্রিস্টানের মতো পোশাক পরিধান করেছেন। যদিও তারা তাকে নিয়ে হাসাহাসি করবে, আর তাকে ধর্মান্ধ বলে ডাকবে, তবুও আমি তার পক্ষ নিবো। তিনি অন্যান্য মেয়েদের মতো সুন্দর নাও হতে পারেন, বৈশিষ্ট্যগতভাবে, কিন্তু তিনি কিছু দেখতে পান। বিশ্বাসের দ্বারা তিনি তাকে দেখেন যিনি অদৃশ্য, যিনি তার জীবন পরিচালনা করছেন।

60 যখন আমি এক ব্যাক্তিকে তার কর্মক্ষেত্রে দেখি, যাকে বলা হয় "ডিকন" বা "প্রচারক," অথবা "একজন ধর্মান্ধ," কারণ তিনি ধূমপান, মদ্যপান অথবা বাকিদের মত নাচতে যেতে অস্বীকার করেন, আর তাকে ডাকা হয় "একজন ধর্মান্ধ" বলে, আমার হৃদয় তার জন্য বেরিয়ে আসে। তিনি আমার ভাই, এই মিশরের মাটিতে, আমাদের হৃদয় তাকে জড়িয়ে ধরে বলতে চায়, "ভাই, আমরা এই দেশের তীর্থযাত্রী এবং অপরিচিত, আর আমি আপনার সাথে সহভাগিতা করতে চাই।"

মোশিকে বিশ্বাসের দ্বারা একটি পছন্দ চয়ন করতে হয়েছিল।

61 ফরৌণের মেয়ের ছেলে হতে, কত যুবক এই সুযোগে ঝাঁপিয়ে পড়ত ! মোশি যে সুযোগ পেয়েছিল তাতে কত যুবক ঝাঁপিয়ে পড়ত, বিশ্বের সমস্ত আনন্দ এবং আকর্ষণীয়তা উপভোগ করার জন্য, মিশরের রাজা হওয়ার জন্য, পুরো বিশ্বকে তার পায়ের কাছে রাখার জন্য ! "কি নির্বুদ্ধির কাজ," তার সময়ে যুবকরা নিশ্চয়ই ভাবতো, "যখন মোশি ঈশ্বরের দুঃখী ও আর্ত লোকদের সাথে তার স্থান গ্রহণ করতে বেছে নিয়েছিলেন।"

62 কেন তিনি এটা করলেন ? বিশ্বাসের দ্বারা, যখন তিনি উপরের দিকে তাকালেন, তখন তিনি এই বিশ্বের আকর্ষণীয়তার বাইরে দেখলেন। তিনি পাপের আনন্দ অতিক্রম করে দেখলেন। আর বাইবেল বলে যে তিনি বিশ্বাসের দ্বারা যিনি অদৃশ্য তাকে দেখেছিলেন, আর যাই ঘটুক না কেন তিনি সেই ঈশ্বরের সেবা করার জন্য একটি পছন্দ চয়ন করেছিলেন।

63 এটি পরিবর্তন হয়নি। আমরা অনেকেই একটি ভালো ভবনে যেতে পারতাম। আমরা উপভোগ করতে পারতাম, সম্ভবত, একটি ভালো আসনে বসে সহভাগিতা এবং আনন্দ উপভোগ করার জন্য।

আমরা আরও জনপ্রিয় হতে পারতাম, মদ্যপান ও ধূমপান করে, আর জগতের মতো পোশাক পরিধান করে এবং তাদের মতো কাজ করে। কিন্তু ব্যাপারটা কি? আপনি আপনার চোখ তুলে দেখেছেন, আর বিশ্বাসের দ্বারা আপনি তাকে দেখতে পাচ্ছেন যিনি অদৃশ্য, আর আজকের দিনের প্রত্যাখ্যাত এবং তথাকথিত পবিত্র-গড়ানোদের সাথে আপনার অবস্থান নিয়েছেন। কারণ বিশ্বাসের দ্বারা আমরা তাঁকে দেখতে পাই যিনি অদৃশ্য, নিপীড়ন ও দুর্দশা সহ্য করতে বেছে নিচ্ছেন।

64 আমি লোকেদের বলব না যে তাদের পীড়া বেছে নেওয়া উচিত। আমি বলছি না যে আপনাদের কষ্ট বেছে নেওয়া উচিত। এটা করা মানবতা হবে না। তবে কর্তব্যের পথে যদি পীড়া আসে, তবে আসুন যখন এটি আসে তখন আমরা এটি গ্রহণ করি। আমি চাই না আপনি এমন কিছু করেন যাতে কেউ আপনাকে নিয়ে মজা করতে পারে। আমি চাই না আপনি ভিন্ন কিছু বলেন, যে, "আমি...আমি এমন একটি মণ্ডলীর অন্তর্গত যে জগতের *অমুক-অমুক* বিষয় বিশ্বাস করে না," আর এই ধরনের বিষয়, শুধুমাত্র লোকেদের আপনার সাথে মজা করার জন্য। আপনি এটি নিজের উপর আনছেন। আমি বলব না যে আপনি এখান থেকে বেরিয়ে যান এবং এমন কিছু করুন যা মৌলবাদী। আমি চাই না আপনি এটা করেন, যাতে কেউ আপনাকে বলতে পারেন যে আপনি একজন ধর্মান্ধ। আপনি এটি নিজের উপর নিয়ে আসেন। কিন্তু যদি এটা ঈশ্বরের প্রতি আপনার কর্তব্যের পথে পতিত হয়, তাহলে জগৎ যা চায় তাই বলুক। আপনি চলতে থাকুন।

আপনি একটি পছন্দ চয়ন করুন। প্রত্যেক পুরুষ এবং মহিলাকে এটি করতে হবে।

65 মোশি যা দেখেছিলেন, তা যদি ফরৌণ দেখতে পেতেন? তিনি মানুষের দুর্ভোগ দেখেছেন। তিনি জানতেন কি মূল্য দিতে হবে। কিন্তু বিশ্বাসের দ্বারা তিনি পাপের আনন্দ থেকে এটি বেছে নিয়েছিলেন।

66 এখানে হয়তো, অল্পবয়সী, রূপসী মহিলারা বসে আছেন। পৃথিবী আপনাকে বলতে চায়, "*এইভাবে-এইভাবে* করুন। আপনি সুন্দরী। আপনার শরীরের গঠন অনেক সুন্দর। আপনার সেটা দেখানো উচিৎ।"

67 কিন্তু, আমার বোন, চোখ তুলে সেটা অতিক্রম করে দেখুন, তাকে যিনি বলেছেন, "একজন মহিলার পক্ষে পুরুষের পরিধেয় পরিধান করা ঘৃণ্য কর্ম।"

68 যদি আপনার সম্প্রদায়ের পুরুষরা, আপনি যে নারীদের সাথে মেলামেশা করেন, যদি বলেন, "ওই লম্বা চুলগুলো কেটে ফেলুন। ঠান্ডা লাগবে। *এটা*, *সেটা*, বা *অন্যকিছু* হবে।" অথবা, "এটা আপনাকে ভালো গড়ে তুলবে।" আপনি সেটা শুনবেন না!

69 আপনি আপনার চোখ তুলে, এবং বিশ্বাসের দ্বারা তাকে দেখেছেন যিনি বলেছেন, "মহিলার চুল তাঁহার গৌরব, আর সে তা কাটবে না।"

70 তারা যদি বলে, "এটা জনপ্রিয়। আপনি আপনার কাজের সাথে বা আপনার কর্মকর্তার সাথে আরও ভালভাবে দাঁড়াতে পারবেন, যদি আপনি একটি পানীয় পান করেন। আপনি যদি বাকি মহিলাদের মতো সিগারেট পান করেন তবে আপনি আপনার আশেপাশে আরও সামাজিক হবেন।"

71 বিশ্বাসের দ্বারা চোখ তুলে তাঁর দিকে দেখুন যিনি বলেছেন, "এই দেহকে অপবিত্র কর, আমি একে ধ্বংস করব।" বিশ্বাসের দ্বারা আমরা এই বিষয়গুলি বিশ্বাস করি। আপনি যা দেখেছেন তা কিছুই নয়। এটি এমন কিছু যা আপনি বিশ্বাস করেন। বিশ্বাসের দ্বারা, মোশি করেছিলেন।

72 আর এই বিশ্বাসের পদচারণায়, এমন একটি সময় আসে যেখানে একটি পছন্দ চয়ন করতে হয়।

73 লোট সেই দুঃখজনক ভুলটি করেছিলেন যা আমরা করি। অনেক সময় আমরা নিজেদের ভালো বেছে নিই। আমরা এমন বিষয়গুলি বেছে নিই যা ভালো।

74 কখনো যদি মণ্ডলীতে কোন সমস্যা চলে আসে, আর কেউ বলে, "ঠিক আছে, ডিকন বা পালক এই দিকে আছেন।" সেদিকে তাকাবেন না। ধার্মিকতার দিকে দেখুন। এই জিনিসটি বের করুন এবং তাদের উভয়কে একত্রিত করুন। সেটা ধার্মিকতা।

75 একটি চয়ন করতে হবে। আর আমরা নিজেদের জন্য চয়ন করি। আমরা এমন কিছু বেছে নিই যা আমাদের নিজেদের জন্য ভালো।

76 কিন্তু মোশি ঈশ্বরের লোকদের সাথে চলার জন্য দুঃখকষ্ট এবং অপমান বেছে নিয়েছিলেন। এখন এটা চিন্তা করুন। এটা শুনুন। "ঈশ্বরের প্রজাবৃন্দের সঙ্গে দুঃখভোগ মনোনীত করিলেন, আর তাহা মহাধন জ্ঞান করিলেন, কেননা যিনি অদৃশ্য তাঁকে দেখে তিনি সহ্য করেছিলেন।"

এখন, লোট, এক সময়, তাকে একটি পছন্দ বেছে নিতে হয়েছিল।

77 আজ সকালে এটি হতে পারে, এখানে পুরুষ ও মহিলারা বসে আছেন, যারা তাদের শেষ পছন্দ বেছে নিবেন। আপনি আজ যা আছেন, কারণ বেশ কয়েক বছর আগে আপনি এখন যা আছেন তাই হওয়ার জন্য বেছে নিয়েছিলেন। আর আপনি এখন যা বেছে নেবেন তা নির্ধারণ করবে আপনি আজ থেকে পাঁচ বছর পর কী হবেন। আজ থেকে পাঁচ বছর পরে আপনি একজন ধর্মপ্রচারক হতে পারেন। আজ থেকে পাঁচ বছর পরে আপনি একজন বিখ্যাত খ্রিস্টান হতে পারেন।

78 অথবা, আজ থেকে পাঁচ বছর পরে আপনি নরকে থাকতে পারেন, কারণ আপনি ভুল সিদ্ধান্ত নিয়েছেন। আজ থেকে পাঁচ বছর পর আপনি হয়তো পানশালায় পিকদানি পরিষ্কার করবেন। আজ থেকে পাঁচ বছর পর আপনি হয়তো রাস্তায় একজন পতিতা হবেন।

79 অথবা, আপনি এমন একজন পুরুষ অথবা মহিলা হবেন যিনি—যিনি কোন সমাজের জন্য সম্মানীয়, খ্রীষ্টকে বেছে নেওয়ার জন্য। আজ থেকে পাঁচ বছর পরে আপনি মহিমাতে থাকতে পারেন, স্বর্গারোহণ করতে পারেন, কারণ আপনি আজ আপনার পছন্দ বেছে নিয়েছেন।

80 কিন্তু আপনাকে চয়ন করতে হবে। আর আপনি যা দেখছেন তার দিকে তাকাবেন না। আপনি বিশ্বাস দ্বারা কি দেখতে পান তা চয়ন করুন। এটিই একমাত্র জিনিস যা গণিত হবে, আপনি বিশ্বাসের দ্বারা যা বেছে নেবেন।

81 লোট, তাকে একটি পছন্দ করতে হয়েছিল। অব্রাহাম লোটকে তার পছন্দ দিয়ে দেন।

82 আর ঈশ্বর আপনাকে আপনার পছন্দ দেন। "আপনি কাকে পরিবেশন করবেন আজকে তা বেছে নিন।" এদন উদ্যানে একটি জ্ঞান—জ্ঞানের বৃক্ষ ছিল, আর একটি জীবনের বৃক্ষ ছিল। মানুষকে তার পছন্দসই একটি বিকল্প বেছে নেওয়ার বিশেষাধিকার দেওয়া হয়েছিল। আর আজও তাই। আপনি যা বেছে নিতে চান, তা চয়ন করার জন্য আপনাকে স্বতন্ত্র নৈতিক কর্তা হিসাবে, আপনাকে বিশেষাধিকার দেওয়া হয়েছে।

83 আপনার জন্য আমার পরামর্শ হল, আপনার চারপাশের আধুনিক বিষয়ের দিকে তাকাবেন না, আপনি জনপ্রিয় ও খ্যাত হতে পারেন। বরং, বিশ্বাসের দ্বারা তাকে বেছে নিন, যিনি প্রতিশ্রুতি দিয়েছেন যে একদিন তিনি আসবেন এবং সকল অন্যায় সংশোধন করবেন, আর আপনাকে অনন্ত জীবন দিবেন, আর আপনাকে

উঠাবেন। আপনি যদি প্রভুর স্বল্প লোকের সাথে ঘৃণার পথ গ্রহণ করেন, তবে কোন ব্যাপার না, সেটা বেছে নিন। যদি সমস্যা নিকটে আসে, যদি দেশে সমস্যা আসে, যদি মণ্ডলীতে সমস্যা আসে, যদি বাড়িতে সমস্যা আসে, সেটা যেখানেই থাকুক না কেন, আপনার পছন্দ বেছে নিন, "বিশ্বাসের দ্বারা, আমি ঈশ্বরের সেবা করব। আমি তাঁর উপস্থিতিতে আমার হৃদয় বিনীত করব। আমি ঈশ্বরের সন্তানদের সাথে পথ চলব। আমি তাদের তুচ্ছ এবং প্রত্যাখ্যাত হতে দেখি, তাদের বিতাড়িত এবং উপহাসিত হতে দেখি, কিন্তু আমি আমার দায়িত্ব পালন করব। আমি ঠিক পাশে থাকব। আর যখন তারা ক্রন্দন করবে, আমি তাদের সাথে ক্রন্দন করব। আর যখন দুঃখ আসে, আমি তাদের সাথে দুঃখিত হব। তারা যেভাবে জীবিত থাকে, আমিও জীবিত থাকব।"

84 যেমন নয়মী বলেছিলেন...অথবা, রূৎ নয়মীকে বলেছিলেন, "তুমি যেখানে যাইবে, আমিও তথায় যাইব। আমি তথায় যাইব যেখানে তুমি যাইবে। এবং তুমি যেখানে থাকিবে, আমিও তথায় থাকিব। তুমি যেখানে যাইবে, আমিও তথায় যাইব। তোমার ঈশ্বরই আমার ঈশ্বর।" সেই পছন্দটি বেছে নিন, আমি কেউ একজন, এমন ভাব থেকে যদিও এটি আপনার বিবেকে ছেঁটে ফেলে দেয়। নিজেকে নিচু করুন এবং প্রভুর জন্য তুচ্ছকৃত স্বল্প লোকদের সাথে আপনার পথ গ্রহণ করুন, এবং সেবাকার্যের ক্ষেত্রে এবং দায়িত্বের পদে অনুগত থাকুন।

85 লোট চারদিকে তাকাল। সে বলল, "আমার একটি পছন্দ আছে।" আর সে সদোমের দিকে তাকাল। সে দেখল, অব্রাহাম যেখানে চারণভূমি দেখেছিলেন আর যেখানে ছিলেন, তার চেয়ে উত্তম চারণভূমি। সে তার গবাদিপশু চরানোর সুযোগ দেখল, যাতে মোটাতাজা ও ভালো গবাদি পশু তৈরী করা যায়।

86 আমি আশা করি আমি কারো অনুভূতিতে আঘাত করছি না। কিন্তু সুসমাচারের সাথে আপস করার জন্য এটি অনেক প্রচারকের অবস্থান, এই ভেবে যে তারা এর থেকে আরো বেশি টাকা পাবে। একটি খাবারের টিকিট! আমি বরং অনুর্বর জমিতে বাস করব, খাব, গাছের ডাল থেকে পান করব, সোডার তৈরী বিস্কুট খাব, জীবন্ত ঈশ্বরের বাক্যে আমার দৃঢ় বিশ্বাসের উপর আপস করার থেকে। আমি আমার পথ গ্রহণ করব।

87 তাদের কেউ কেউ বলেন, "বিলি, আপনার সভার সমস্যা কি, কারণ এতে অনেক পেন্টিকোস্টালরা রয়েছে।" একজন বড় ধর্মসম্প্রদায়ের সেবক আমাকে সেটা বলেছিলেন।

আমি বললাম, “আপনার ধর্মসম্প্রদায় কি আমার সভার পৃষ্ঠপোষকতা করবে ?”

88 কিছু দিন আগে, *লুক* ম্যাগাজিনে, আমি বিশ্বাস করি, সেখানে একটি নিবন্ধ ছিল। আর লেখক সেখানে বলেছিলেন, পেন্টিকোস্টাল লোকদের বিষয়ে বলেছিলেন। তিনি বলেছিলেন, “পেন্টিকোস্টাল চার্চ আজ বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল চার্চ।” কেন ? কারণ নারী-পুরুষের তাদের চোখ তুলে অনেক দূরের বিষয় দেখেছেন।

89 আর লেখক পেন্টিকোস্টাল লোকদেরও প্রশংসা করেছিলেন। ওহ, অবশ্যই, তিনি বলেছিলেন, “তাদের মধ্যে কিছু লোক ছিল যারা মৌলবাদী হয়ে গেছে, ইত্যাদি। কিন্তু, মেথডিস্ট একটি ধর্মমতের উপাসনা করে। তারা ধর্ম মতানুসারে ঈশ্বরের উপাসনা করে। ব্যাপটিস্ট ও প্রেসবিট্যারিয়ান একই কাজ করে। কিন্তু পেন্টিকোস্টাল তারা তাদের বাইবেল অনুসারে উপাসনা করে।”

90 বিশ্বাস দ্বারা আমরা প্রতিজ্ঞা দেখতে পাই। আমি তাদের সঙ্গে যাব, তারা যতই অপমানিত হোক না কেন, আমিও তাদের একজন। যদিও তাদের উপহাস করা হয়, তারা ভালো-খারাপ সময় পার করে, ইস্রায়েল যেমন করেছিল, আমি কখনই পাহাড়ের ধারে মিথ্যা ভাববাদী, বালামের সাথে দাঁড়াতে চাই না, আর যাকে ঈশ্বর আশীর্বাদ করেছেন তাকে অভিশাপ দেওয়ার চেষ্টা করব না। কারণ, সেই শিবিরে একটি আঘাতপ্রাপ্ত প্রস্থর, একটি রক্তাক্ত বলিদান এবং আগুনের স্তম্ভ রয়েছে। তারা যাই হোক না কেন, এটি তাদের বিজয়ের দিকে নিয়ে যাবে, এবং তাদের সেখানে আসতে হবে, কারণ তারা সেই প্রতিশ্রুত লোক যারা বিশ্বাসে চলে। যদিও তারা ধর্মসম্প্রদায় নয়, তারা বিচরণকারী ছিল, আর ঈশ্বরের লোকেরাও তাই। কিন্তু আমি তাদের সাথে আমার পথ নিতে চাই, তাদের সাথে তাদের পদে যোগ দিতে চাই; তাদের ধর্মসম্প্রদায়ের মধ্যে নয়, কিন্তু ঈশ্বরের চিরন্তন আত্মার নিবন্ধগুলির উপর তাদের সঙ্গে সহভাগীতায়, যা হল, বিশ্বাসের দ্বারা আমি পবিত্র আত্মার বাপ্তিস্ম পেয়েছি। ঈশ্বর আমাকে সবসময় সেই মনোভাব রাখতে সাহায্য করুন।

91 লক্ষ্য করুন। তারা এগিয়ে যাওয়ার সাথে সাথে, আমরা দেখতে পাই যে লোট একটি সুযোগ দেখেছিলেন একটি—একটি মোটাতাজা গবাদি পশু তৈরী করার জন্য। অনেকেই মোটাতাজা কোষাগারের সুযোগ দেখেন। অনেকে একটি ভাল সামাজিক অবস্থানের সুযোগ দেখেন। সে আরও কিছু ডলারের সম্ভাবনা

দেখেছিল। সে নগরের মেয়র হওয়ার সম্ভাবনা দেখেছিল। একজন অপরিচিত, বুদ্ধিমান ব্যক্তি, ঠিক যেমন সে ছিল, “আমি হয়তো শহরের প্রধান ব্যক্তি হব।” সে সম্ভাবনাগুলি দেখেছিল কারণ সেগুলো তার সামনে ছিল। কিন্তু সে আগুন দেখতে পায়নি যা সেই স্থানটি ধ্বংস করবে। তিনি নিজেকে বলতে পারেনি যে সেই দেশটি পাপে পূর্ণ ছিল, আর ঈশ্বরকে এটি ধ্বংস করতে হবে।

92 আর, আজ, লোকেরা এই বলে নিজেদের সান্তনা দেওয়ার চেষ্টা করে, “আপনি... ?”

আমি বলব, “আপনি কি খ্রিস্টান ?”

93 তারা বলে, “আমি একজন আমেরিকান।” এটি, কাককে সে ব্যাঙ বলার চেষ্টা করা ছাড়া, এর সাথে আর কিছু করার নেই। এর সাথে এর কোনো সম্পর্ক নেই।

94 সে ধ্বংস হতে চলেছে, কারণ ঈশ্বর ন্যায়পরায়ণ। আর যদি আমেরিকা তার পাপের ছাড় পায়, ন্যায়পরায়ণ ও সার্বভৌম, পবিত্র ঈশ্বরের কর্তব্য হবে—হবে সদোম ও ঘমোরাকে পুনরুত্থিত করা এবং তাদের পাপের জন্য, তাদের পুড়িয়ে ফেলার জন্য, তাদের কাছে ক্ষমা প্রার্থনা করা; যদি তিনি আমাদের এটি নিয়ে যেতে দেন।

95 যদি তিনি আপনাকে আপনার অন্যায় কাজের জন্য স্বর্গে যেতে দেন, তাকে অননিয় এবং সাফীরাকে জীবিত করে তাদের আরেকটি সুযোগ দিতে হবে। তিনি অবশ্যই করবেন। কিন্তু তিনি ন্যায়পরায়ণ। অননিয় তার টাকা দেখেছিল। পিতর খ্রীষ্টকে দেখেছিলেন।

96 ওহ, আমার! লোট সেই স্থানে তার সন্তানদের ধ্বংস দেখতে পাননি।

97 আপনারা অনেকেই আজ এই পুরানো ধর্মমত ইত্যাদি ধরে আছেন, আপনি কিশোর অপরাধ এবং আপনার সন্তানদের ধ্বংস দেখতে পাচ্ছেন না। আপনি আপনার মেয়েকে বেশ্যা ঘরে দেখতে পাচ্ছেন না। আপনি আপনার ছেলেকে মাতাল অথবা কোথাও তাসের টেবিলে দেখতে পাচ্ছেন না।

98 “কারণ তাকে ভালো করে লালন-পালন করা হয়েছে।” আর পাপ স্পর্শ করে নি। সে তার স্ত্রীকে দেখতে পায়নি, সকল সমাজের প্রধান, লবণের স্তম্ভ হয়ে যাবে, যখন সে তাকিয়ে ছিল। সে তাকে তার জীবনের জন্য কোথাও একটি ছোট শহরে পালিয়ে যেতে দেখেনি। সে এটি দেখতে পায়নি, কারণ সে কেবল তার সামনে যা ছিল তা দেখেছিল।

99 কিন্তু, অব্রাহাম, তিনি উত্তম-জলযুক্ত ভূমি লক্ষ্য করেননি, কারণ তিনি চোখ তুলে ভবিষ্যৎ দেখেছিলেন, কারণ তিনি সব কিছুর উত্তরাধিকারী হবেন। প্রকৃত খ্রিস্টানরা আজ চোখ তুলে খ্রীষ্টের প্রতিশ্রুতি দেখেন: "ধন্য যাহারা মৃদুশীল, কারণ তাহারা দেশের অধিকারী হইবে। তারা পৃথিবীর উত্তরাধিকারী হইবে।" প্রকৃত খ্রিস্টানরা, বিশ্বাসের দ্বারা, উপরের দিকে তাকায় আর সেটা দেখে। আপনি যা চান তাঁর কাছে প্রার্থনা করুন। তিনি চোখ তুলেছিলেন। যখন তিনি তা করলেন, ঈশ্বর বললেন, "অব্রাহাম, দেশের মধ্য দিয়ে হেঁটে যাও, সে সব তোমার।" বিশ্বাসের দ্বারা, অব্রাহাম এটা করেছিলেন; একই বিশ্বাস যা মোশির ছিল।

100 এটি একজন মন্তব্যকারী লিখেছেন, বলেছেন। আমার মনে হয়েছিল এটি সবচেয়ে সুন্দর বাক্য। অব্রা-..."মোশি বিশ্বের সব থেকে উত্তম বিষয়টি নিয়েছিলেন আর এটি একটি পাল্লায় রাখেন; আর ধর্মের সবচেয়ে খারাপ বিষয়টি অন্য পাল্লায় রাখেন; আর ধর্মের সবচেয়ে খারাপ বিষয়টি পৃথিবীর উত্তম বিষয়কে ছাড়িয়ে যায়।"

101 আজকেও তাই, যদি আমাদের কিছু বলে ডাকা হয়, আমরা চাই আমাদের "ধর্মান্ধ" বলে ডাকা হোক, অথবা "ঐশ্বরিক আরোগ্যদানকারী," অথবা "পবিত্র-গড়ানোর দল," অথবা তারা যা ডাকতে চায় না কেন। আমরা যারা সবচেয়ে খারাপ তারা, বিশ্ব সব থেকে উত্তম যা দিতে পারে, সেটি অতিক্রম করব। "পুরানো ধাঁচের, পুরানো ধারণার, ধর্মান্ধ" বলে অভিহিত হতে চান না। শয়তান আপনাকে যে সেরা বিষয়টি দেওয়ার প্রস্তাব দিয়েছে, এটি তাকে অতিক্রম করবে। এটা অবশ্যই করবে।

102 মোশি খ্রীষ্টের জন্য তিরস্কারকে সম্মান করেছিলেন। তিনি খ্রীষ্টকে আগে থেকেই দেখেছিলেন। পরে তিনি তাঁর সম্পর্কে কিছু শক্তিশালী অনুপ্রেরণামূলক কথা বলেছিলেন। "দেখুন, তোমাদের ঈশ্বর সদাপ্রভু আমার মত একজন ভাববাদীকে উত্থাপন করবেন।" তিনি জানতেন। তিনি তাকে পূর্বেই দেখেছিলেন, আর তিনি তাঁর তিরস্কারকে বিশ্বের সমস্ত আকর্ষণের চেয়ে বড় সম্পদ মনে করেছিলেন।

103 খ্রিস্টান বন্ধুরা, আজ, আপনারা কি তা করতে পারবেন না? আর বিশ্বের সমস্ত আকর্ষণ এবং জনপ্রিয়তা, বিশ্বাস দ্বারা, আমরা প্রতিশ্রুতি যিনি দিয়েছেন তাকে দেখি। আর আজ সবচেয়ে খারাপ চার্চ, তার এই অবস্থার মধ্যে, শয়তান আপনাকে যা দিতে পারে তাকে অতিক্রম করবে। যদি আমরা ছিঁড়ে যাই, যদি আমরা টুকরো টুকরো হয়ে যাই, যদি আমরা বিভ্রান্ত হই এবং ভেঙ্গে পড়ি,

ধর্মসম্প্রদায়ে ও ধর্মান্ধতায়, শয়তান আপনাকে যা কিছু দিতে পারে এটি সেগুলো অতিক্রম করবে। অবশ্যই।

104 তিনি খ্রীষ্টের তিরস্কারকে মিশরের সমস্ত ধন-সম্পদের চেয়ে বড় সম্পদ বলে মনে করেছিলেন। তারপর তাকে কিছু করতে হয়েছিল। তিনি মিশর ত্যাগ করেন। ওহ্, আমি সেই বাক্যটি ভালোবাসি। তিনি মিশর ত্যাগ করেন। দেখুন, তিনি একই জানালা দিয়ে দেখছিলেন, কিন্তু তিনি ফরৌণের থেকে আলাদা দেখেছিলেন। যদি ফরৌণ তার শেষ দেখতে পেতেন? যদি ফরৌণ তার জাতিকে নিমজ্জিত হতে দেখতে পেতেন? মোশি তা দেখেছিলেন। কিভাবে? বিজ্ঞানের দ্বারা? বিশ্বাসের দ্বারা, মোশি তা দেখেছিলেন। তিনি যা কিছু করেছিলেন তা বিশ্বাসের দ্বারা করেছিলেন, কারণ ঈশ্বর তাঁর পিতা অব্রাহামকে প্রতিশ্রুতি দিয়েছিলেন, যে তিনি—তিনি চারশো বছর পর এই জাতি দিকে ফিরবেন এবং তাদের বের করে আনবেন। আর বিশ্বাসের দ্বারা, মোশি ঈশ্বরের কথায় বিশ্বাস করেছিলেন, আর বিশ্বাসের দ্বারা তাদের বের করে আনার জন্য তিনিই সেই মনোনীত নেতা, তা নিজে জানতেন। তিনি জানতেন তিনি কোথায় আছেন। তিনি মাটির কারিগর হিসাবে কাদার গর্তে তার স্থান নিয়েছিলেন, এবং মিশরের সিংহাসনে বসার চেয়ে খ্রীষ্টের নিন্দাকে আরও বড় ধন হিসাবে গণ্য করেছিলেন। তিনি...তিনি কখনো বলেননি, "আমি এর সাথে সহানুভূতি প্রকাশ করি।" তিনি তাদের স্থান নিলেন এবং তাদের সঙ্গে চলে যান! গৌরব...তিনি তাদের স্থান নিলেন। আমরা তাদের সঙ্গে চলে গেলাম।

105 আশ্চর্যের কিছু নেই অনুপ্রাণিত লেখক বলেছেন:

> আমি প্রভুর লাঞ্ছিত অল্পসংখ্যক লোকদের সাথে
> পথ চলবো,
> আমি যীশুর সাথে শুরু করেছি, এখন আমি এর
> মধ্য দিয়ে যাচ্ছি।
>
> আমি কনান দেশে যাচ্ছি। (অবশ্যই।)

106 মোশি। একজন বলেছিলেন যে মোশি বরং, যেখানে তিনি ফরৌণের পুত্র হতে পারতেন এবং বিশ্বের আকর্ষণ পেতে পারতেন, তিনি ফরৌণের পুত্র হওয়ার চেয়ে অব্রাহামের পুত্র হওয়া পছন্দ করেন। ফরৌণের পুত্র, রাজা, হওয়ার চেয়ে অব্রাহামের পুত্র, লাঞ্ছিত হন।

107 আমি বরং প্রভু যীশুর পুত্র এবং তাঁহার সহকর্মী হতে চাই, আর এই বিশ্বের প্রত্যাখ্যাত মানুষের সাথে আমার স্থান গ্রহণ করতে চাই,

এই মহান মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি হওয়ার চেয়ে, অথবা একজন এলভিস প্রিসলি, অথবা একজন প্যাট বুন, অথবা আপনি এটি যাকে বলতে চান। আমি আমার পথ নেব।

108 যুবতী মহিলাদের তাদের পথ নিতে হবে। একজন—একজন মেরি পিকফোর্ড হওয়ার পরিবর্তে, অথবা কোন চলচ্চিত্রের তারকা, কোন আকর্ষণীয় মহিলা, প্রভুর জন্য অপমানিত ক্ষুদ্র দলের সঙ্গে আপনার পথ নিন।

109 আমি বরং বেদীতে একজন প্রচারক হতে চাই, খ্রীষ্টের অজ্ঞেয় সম্পদ প্রচার করতে চাই, হলিউডের তারকা অথবা পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ব্যক্তি হওয়ার চেয়ে। যদি আমাকে অল্প খেতে হয়, ভিক্ষা করতে হয় অথবা যা কিছু করতে হয়, আমি প্রভুর লোকদের সাথে আমার পথ নেব। বিশ্বাসের দ্বারা, আমি তা করি। আমাকে অনেক প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু, ঈশ্বরের অনুগ্রহের দ্বারা, আমি এখনও বিশ্বাসের দ্বারা দেখতে পাচ্ছি।

> বিশ্বাসে দ্বারা আমি দূর থেকে দেখতে পাচ্ছি;
> আমাদের পিতা পথে অপেক্ষা করছেন,
> সেখানে আমাদের একটি বাসস্থান প্রস্তুত করার জন্য।

110 একজন আয়কর আধিকারিক বলেছিলেন, অন্যদিন, "কেন আপনি আপনার বাড়িটি গির্জায় পরিণত করলেন? সেই ছোট্ট পুরানো জঞ্জালাকার ট্যাবারনাকেলকে পঁচিশ হাজার ডলারের বাড়ি দিতে আপনাতে কে বাধ্য করেছে?"

111 আমি বললাম, "এটা গির্জা নয়, যার জন্য আমি এটা করেছি। কিন্তু সেখানে থাকা মানুষদের জন্য।" আমার কাছে এই জগতের কোনো বিষয় নেই। আমি যে টাকা নিয়েছি তার প্রতিটি পয়সা এই মণ্ডলীকে দেওয়া হয়েছে। কেন? কেননা আমার বিশ্বাস ঈশ্বরের উপর আছে, এই জগতের বিষয়ের উপর নয়। আমার ভালবাসা উপরে। আর আমি বিশ্বাস করি আপনাদের সকলেরই একই, যদি আপনি ঈশ্বরের সাথে ঠিক থাকেন। এটা সত্য, আপনি এটা করেন। আমরা বিশ্বাসের দ্বারা গ্রহণ করি। আমরা বিশ্বাসের দ্বারা ঈশ্বরকে বিশ্বাস করি।

112 মোশি, তাকে একটি পছন্দ বেছে নিতে হয়েছিল। তারপরে, একটি পছন্দ বেছে নেওয়ার পর, তাকে বিশ্বাসের সাথে লড়াই করতে হয়েছিল, কারণ তিনি রাজার ক্রোধকে ভয় পান নি। এখন, মানবিকভাবে, সেই ক্রোধকে ভয় পাওয়ার তার দরকার ছিল। রাজার

ক্রোধকে ভয় পাওয়ার তার দরকার ছিল, কিন্তু তিনি তা করেনি। তিনি তা করেননি, কারণ তাকে একটি কাজ করতে হবে এবং তিনি সেই দায়িত্বের পথে ছিলেন। রাজা এই বিষয়ে কি বললেন সেদিকে তার মন ছিল না। তিনি তাঁর পথে চলতে থাকেন।

113 এখন, ফরৌণ, অবশ্যই, যখন তিনি দেখবেন তিনি পরাজিত হয়েছেন, তখন তিনি মোশি ও সন্তানদের...তিনি বলেছিলেন, "ঠিক আছে, আমি তোমাকে বলছি আমি কি করব। তোমরা সবাই দেশেই থাক কিন্তু বাইরে গিয়ে তোমাদের ঈশ্বরের উদ্দেশে বলিদান কর।"

114 এইভাবে শয়তান কাজ করে। "ওহ, আপনি ধার্মিক হতে পারেন। কেন আপনি কোন গির্জায় যোগদান করেন না ? আপনাকে এই সব কাজ করতে হবে না।" একজন ব্যক্তি তার স্ত্রীকে বলেন...

115 স্ত্রী বলল, "স্বামী, আমি পরিত্রাণ পেয়েছি। আর ম্যানিকিউর, লিপস্টিক ইত্যাদির দরকার নেই। এগুলোর আর দরকার নেই। কোনো পার্টির দরকার নেই। সমাজের এই বিষয়গুলি আর দরকার নেই। আমি এর থেকে বাইরে বেরিয়ে এসেছি! আমি বাক্য পাঠের জন্য আমার সময় দিব, বাড়ির যত্ন নিব।"

116 "এখন, দেখ, প্রিয়। আপনি, আপনি ধার্মিক হতে পারেন, ঠিক আছে। এখন, দেখুন, আপনি—আপনি *এখানে* যান। আপনি ভুল গির্জায় যাচ্ছেন।"

117 না, আপনি নন। আপনি সঠিক এর মধ্যে আছেন। আপনি যদি একজন প্রচারক পেয়ে থাকেন, যিনি আপনাকে এটা প্রচার করেন, তাহলে আপনাকে তার সাথে থাকা উচিত। শাস্ত্র অনুসন্ধান করুন আর এটি সঠিক কিনা তা দেখুন।

118 "ওহ," বললেন, "*এখানে* যান। তাদের এখানে—তাদের এখানে এটি করতে হবে না। দেখুন ? তারা এখানে এসব করে না।" এভাবেই..."আপনি এতদূর যেতে পারেন।" কিন্তু তিনি চান না আপনি দেশ থেকে বের হয়ে যান। শয়তানও তাই করে। তিনি চান না যে আপনি জগতের বিষয় থেকে বেরিয়ে আসুন; শুধু মণ্ডলীর ভিতর জগতের বিষয় থেকে।

119 অন্য দিন, রাস্তা দিয়ে আসার সময়, আমি আমার রেডিও চালু করলাম। আর একটি—একটি গান বাজছিল, আর আমি শুনতে থাকলাম, এটি ধর্মীয় গান কিনা তা বোঝার জন্য, আমাকে প্রায় গানটি সম্পূর্ণ শুনতে হয়েছিল, অথবা শয়তান ঈশ্বরের

বিষয়গুলিকে জগতের স্তরে নামিয়ে আনার চেষ্টা করছে। আপনি এটা করতে পারবেন না ! ঈশ্বর অনুগ্রহ করুন !

120 সকল ধর্মীয় গানের মধ্যে এলভিস প্রিসলি কতগুলো অ্যালবাম লিখেছেন তাতে আমার কিছু যায় আসে না। সে এখনও শয়তানের আবিষ্ট। আজ বিশ্বে সকল পদক্ষেপের মধ্যে, সে অধিক সন্তানদের নরকে পাঠিয়েছে। প্যাট বুন আর বাকিরা, তিনি চার্চ অফ ক্রাইস্টের অন্তর্গত; আর এলভিস প্রিসলি, একজন পেন্টিকোস্টাল; তারা হলেন ঈষ্করিয়োতীয় যিহূদা, সেই পুরুষদের আকারে। শয়তান ঈশ্বরের উচ্চ বিষয়গুলি আনার চেষ্টা করছে, যাতে তারা তাদের *এখানে* মিশ্রিত করতে পারে। লোকেরা *এর* উপরে তাকাবে না। তারা শুধু *এখানে* তাকিয়ে বলে, "ঠিক আছে, সবই এক।" সবই এক নয়। দেশ থেকে বেরিয়ে আসুন।

121 বললেন, "তোমরা কয়েকদিনের জন্য যেতে পারো। তোমরা যাও, সেই দেশে থাকো।" অবশ্যই, তিনি জানতেন যে তারা ফিরে আসবে। তারপরে তিনি জানতে পারলেন যে এটি কাজ করবে না, তাই তিনি অন্য কিছু ভাবলেন। তিনি বললেন, "আমি তোমাদেরকে বলব তোমাদের কি করতে হবে। তোমরা যেখানে যেতে চাও সেখানে যেতে পার, কিন্তু তোমরা তোমাদের স্ত্রীদের, তোমাদের সন্তানদের আর তোমাদের সমস্ত গবাদি পশুকে *এখানেই* রেখে যাও। তোমরা তাদের এখানে রেখে যাও, আর তোমরা বাইরে যাও।" কারণ, তিনি জানতেন সেখানে তাদের সম্পত্তি রয়েছে, যা তাদের ফিরিয়ে আনবে।

122 আর এটাই শয়তান আপনাকে বলে। যতক্ষণ আপনি জগতের কোন বিষয় আপনার উপর ঝুলিয়ে রাখেন, ধূমপান করা, মদ্যপান করা, জগতের মতো পোশাক পরিধান করা, যেমন শয়তান করতে চায়।

123 আমি বিপথগামীদের সম্পর্কে অনেক শুনেছি। আমি বিশ্বাস করি না যে সেখানে এত বেশি বিপথগামীরা রয়েছে, যতটা মানুষরা মনে করে। তারা মিশরে অনেক সম্পত্তি রেখে যায়, তাদের ফিরিয়ে আনার জন্য, এটাই। বিপথগমন, তারা যা বলে তা নয়। আপনি সেখানে জগতের অনেক বিষয় রেখেছেন, যা আপনাকে প্রলুব্ধ করে।

124 ভাই, আমি আপনাকে বলছি, যখন মধ্যরাতে ইস্রায়েল প্রস্তুত হয়, তাদের এই পৃথিবীতে যা কিছু ছিল, সব কিছুই গুছিয়ে ফেলে আর যাওয়ার জন্য প্রস্তুত হয়।

125 ঈশ্বর আমাদের এমন একটি পুনরুজ্জীবন প্রেরণ করুন। আমরা সবকিছু গুছিয়ে যাওয়ার প্রস্তুত হব। মধ্যরাতের সেই উচ্চরব আসছে, "তাঁহার সহিত সাক্ষাৎ করিতে বাহির হও।" আপনার সবকিছু গুছিয়ে রাখা ভালো। আপনার কাছে এই পৃথিবীর কিছু না থাকাই ভালো, যা আপনাকে প্রলুব্ধ করে, আপনাকে আটকে রাখার জন্য কোনো দড়ি। গুছিয়ে নিন। আসুন প্রস্তুত হই। আমরা চলে যাচ্ছি।

126 আপনি কি জানেন? আমি আপনাদের বলছি, তারা ঈশ্বরের সঙ্গে এতটাই আন্তরিক ছিল যে ফরৌণ মধ্যরাতে উত্তেজিত হয়ে পড়েন, তিনি বলেছিলেন, "চলে যাও! বেরিয়ে যাও, আর প্রস্থান কর। তোমাদের যা আছে সবকিছু নিয়ে চলে যাও!"

127 আমি খুব আনন্দিত যে একজন মানুষ ঈশ্বরের এত আন্তরিক হতে পারেন যে শয়তান তার সাথে কী করবে তা জানে না। সেটা ঠিক। চলে যাও! বেরিয়ে যাও! ঈশ্বরের আনুগত্য হও!

128 বিশ্বাসের দ্বারা, তিনি প্রতিজ্ঞাটি দেখেছিলেন। মাটির কারিগর, অথবা মাটির কারিগর নয়, তিনি প্রভুর জন্য লাঞ্ছিত কতিপয় লোকের সাথে তার পথ নিয়েছিলেন। ফরৌণ বললেন, "তোমাদের যা আছে সব নিয়ে এখান থেকে বেরিয়ে যাও! আমি জানি না তোমার সাথে কি করব।" তিনি বিশ্বাসের দ্বারা ঈশ্বরের সঙ্গে সত্যই আন্তরিক ছিলেন।

129 বিশ্বাস অলৌকিক কাজ করবে, যদি আপনি ঈশ্বরের প্রতি সত্য থাকেন। বিশ্বাসের দ্বারা, আমরা তাঁকে দেখতে পাই।

আমাদের সময় শেষ; সময় শেষ হয়েছে।

130 কিন্তু, বিশ্বাসের দ্বারা, আজ সকালে, আপনার চোখ উপরে তুলুন। আপনার চারপাশে কি আছে তা দেখবেন না, এই আধুনিক বিশ্বে, কিন্তু তাকে দেখুন যিনি প্রতিজ্ঞা দিয়েছেন। বাইবেল বলে, "আমরা এখন সিদ্ধরূপে সবকিছু দেখতে পাচ্ছি না, কিন্তু আমরা যীশুকে দেখতে পাচ্ছি।" আপনি আজ সকালে তাঁর দিকে দেখুন, আপনার পথের পরিবর্তন হবে।

131 যখন আমরা আমাদের মাথা কিছু সময়ের জন্য নত করি, প্রার্থনার জন্য। প্রভু তার বার্তায় আশীর্বাদ যোগ করুন।

132 এখন নিজের মনে ভাবুন। আপনি কি জগতের বিষয়ের দিকে তাকিয়ে আছেন? বিশ্বাসের দ্বারা, আপনি কি যীশুকে দেখতে পাচ্ছেন? আপনি কি আপনার জনপ্রিয়তা, আপনার গির্জা দেখছেন? জগতে আপনার সামাজিক অবস্থান কি? অথবা,

আপনি কি যীশুকে দেখতে পাচ্ছেন যিনি দুঃখের মধ্যে দিয়ে নিজেকে মহাসিংহাসনের দক্ষিণ পাশে বসিয়াছেন, কে শহীদ হিসেবে ভুক্তভোগী, অন্যায়ের জন্য সেই ন্যায়পরায়ণ ব্যক্তি? আপনি কি আপনার চোখ তুলে সেই জীবন বৃক্ষটিকে দেখতে পাচ্ছেন না? তাহলে, এই বিজ্ঞান ও জ্ঞানবৃক্ষ ত্যাগ করে তাঁর সেবা করুন।

133 আমি প্রার্থনা করার আগে, আপনি কি প্রার্থনায় স্মরণ হতে চান? আপনার প্রয়োজন আছে এমন যেকোনো অনুরোধের জন্য আপনাদের হাত উপরে তুলুন। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। তিনি আপনাদের সকলের হাত দেখতে পাচ্ছেন।

134 আপনি যদি একজন পাপী হন, আপনার চোখ তুলে এখনই দেখুন। আপনি যদি উদাসীন হয়ে থাকেন, আপনাদের মধ্যে যদি বিরোধ থাকে, তবে এটি কী পার্থক্য করে? আপনি একদিন মারা যাবেন। কোন দিন? আজ হয়তো! আপনি তা জানেন না। এখন থেকে এক ঘন্টা পরে, আপনি হয়ত নরকে থাকতে পারেন, অথবা আপনি স্বর্গে থাকতে পারেন। কিন্তু আপনাকে এখন বেছে নিতে হবে। যদি আপনার জীবনে এমন কিছু থাকে যা সঠিক নয়, আপনি এখনই বিশ্বাসের দ্বারা বেছে নিন।

135 আপনারা বলেন, "ঠিক আছে, আমি যদি সেই মহিলার সঙ্গে যেতে পারি! আমি যদি সেই পুরুষের সঙ্গে যেতে পারি!" তারা যাই করুক না কেন, জীবন বেছে নিন। জীবন বেছে নিন।

136 কারণ, যীশু বলেছেন, "আপনি যদি আপনার হৃদয় থেকে প্রত্যেক ব্যক্তিকে তাদের অপরাধ ক্ষমা না করেন, তোমার স্বর্গীয় পিতাও তোমাকে ক্ষমা করেন না।" এতটাই আন্তরিক হন। যদি আপনার হৃদয়ে কোন ব্যক্তি, পাপী অথবা পবিত্র লোককের বিরুদ্ধে কোন কিছু থাকে তবে আপনি নরকের আগুনের ঝুঁকিতে রয়েছেন।

137 এখন আপনার চোখ উপরে তুলুন। আপনি কি দেখতে পাচ্ছেন, আপনার শত্রু? না, আপনি কি আপনার পরিত্রাতাকে দেখতে পাচ্ছেন? আজ সকালে কি দেখছেন?

138 আপনি যদি অসুস্থ হন, আর আপনার ডাক্তার বলে যে আপনি সুস্থ হতে পারবেন না, আপনার চোখ উপরে তুলুন, ক্রুশের দিকে, যেখানে তিনি আমাদের পাপের জন্য হত হয়েছিলেন, তাঁর ক্ষত সকল দ্বারা আমরা আরোগ্য লাভ করি। ডাক্তার কি বলেন তা দেখবেন না; তিনি বিজ্ঞানের দ্বারা কাজ করেন। বিশ্বাস, আত্মা ও ঈশ্বরের উপর কাজ করে। আপনি যখন আপনার হাত উপরে

তুলেছেন তখন আমাদের এই বিষয়গুলি নিয়ে ভাবতে দিন। ঈশ্বর তা দেখেছেন।

আসুন আমরা প্রার্থনা করি।

139 হে শাশ্বত ঈশ্বর, এই আরাধনার নিস্তব্ধতায়, বার্তা প্রচার করার পর, আপনার বাক্যের বীজ, প্রভু, পাথরের মাটিতে যেন না পড়ে। প্রভু, এই বার্তাটি কাঁটার মধ্যে পড়তে দিবেন না, এই জীবনের চিন্তা (লোটের মতো) এটিকে দম বন্ধ করে দিতে পারে, শেষ পর্যন্ত এটি বিচ্ছিন্ন হয়ে যায়। কিন্তু, হে আশীর্বাদময় ঈশ্বর, যেন এটি ভালো, উর্বর মাটিতে, অনুতপ্ত হৃদয়ে পড়ে। আর আমার উপরেও, প্রভু, যাতে আমরা সকলেই ঈশ্বরের দৃষ্টির দর্পনের মধ্য দিয়ে দেখতে পারি, আর প্রভু যীশুর প্রত্যাখ্যাত মণ্ডলীকে দেখুন, প্রত্যাখ্যাত লোকদের, প্রত্যাখ্যাত পথ, আর আমরা যেন এই মহিমান্বিত পথে চলতে পারি।

140 মোশির মত, তিনি জানতেন না তিনি কোথায় যাচ্ছেন। লোকরা জানত না তারা কোথায় যাচ্ছে। তারা জানত না কোন পথে যেতে হবে। তারা চলতে শুরু করে।

141 আর, হে প্রভু ঈশ্বর, এই সুন্দর স্তোত্রটি যখন বাজানো হচ্ছে, বিশ্বাসের দ্বারা আমরা সেই দেশটিকে দূর থেকে দেখতে পাচ্ছি। এটা এখনই হতে দিন, এখানে থাকা পুরুষ এবং মহিলারা যেন চিন্তা না করে যে পৃথিবী তাদের কি বলবে, অথবা তারা কীভাবে যাবে। তারা যেন তাদের আত্মা উত্থিত হয়, এবং প্রস্থান করে।

142 মোশি আলো অনুসরণ করেছিলেন আর এটি তাকে প্রতিশ্রুত দেশে নিয়ে গিয়েছিল। তিনি কোথায় যাচ্ছেন তা জানতেন না, কিন্তু তিনি শুধু আলোতে হেঁটেছিলেন, সেই দেশে যেটি দিনের চেয়েও সুন্দর ছিল।

143 এটি আজ প্রদান করুন, প্রভু, এখানে অনেকে বাক্যের আলোতে এবং পবিত্র আত্মার সহভাগিতায়, মণ্ডলীর সাথে পথ চলবে; মণ্ডলী, প্রথমজাত, নবজাতক শিশু যারা খ্রীষ্টকে গ্রহণ করেছে, এবং পবিত্র আত্মায় পূর্ণ হয়েছে, আত্মার দ্বারা পরিচালিত। আমরা যেন একসাথে এই সহভাগিতায় চলতে পারি, ঈশ্বরের বাক্য নিয়ে, বাপ্তিস্মে তাঁর সেবাকার্যের মাধ্যমে, তাঁর মৃত্যুতে আনুগত্যের মাধ্যমে, সমাধিতে, এবং পুনরুত্থানে। আমরা যেন তাঁর আদেশ অনুসারে তাঁর সেবা করতে পারি, "কিন্তু যে পর্য্যন্ত ঊর্দ্ধ হইতে শক্তিপরিহিত না হও, সেই পর্য্যন্ত তোমরা যিরূশালেমে অবস্থিতি কর।" আমরা যেন অসুস্থদের জন্য প্রার্থনা করার মাধ্যমে, ঐশ্বরিক আরোগ্যকরণের দ্বারা তাঁর সেবা করতে পারি। আমরা যেন তাঁকে

সহভাগিতার দ্বারা, রুটি ভাঙতে, হৃদয়ের এককতা, ঈশ্বরের বাক্যের দ্বারা সহভাগিতায় তাঁর সেবা করতে পারি। আমরা যেন তাঁর সমস্ত ঐশ্বরিক বাক্যে তাঁর সেবা করতে পারি, যতক্ষণ না সেই দেশ দৃষ্টিগোচর হয়। এটি প্রদান করুন, প্রভু। আমাদের প্রার্থনা শুনুন, আমরা এখন প্রভু যীশুর নামে আপনার কাছে সমস্ত কিছু সমর্পণ করছি।

144 এখন মাথা নত করে, নিঃশব্দে, ধীরে ধীরে, আসুন এই গানটি গাই। এটি আরাধনা। বার্তা শেষ হয়েছে। কেউ ছেড়ে যাবেন না। নিঃশব্দে থাকুন। আসুন আরাধনা করি।

145 বার্তা হল সংশোধন। এখনই ভাবুন আপনি কী করেছেন, আপনার কী করা উচিত ছিল, আপনি আজ যা আছেন তা আপনাকে কী তৈরি করেছে। যে বিষয়টি আপনাকে আজ দোষারোপ করে, কারণ আপনি গতকাল কিছু করেছেন। কাল কি হবে? আজই ঠিক করুন, আর আপনি আগামীকাল মুক্ত হয়ে যাবেন। দেখুন? আপনাকে একটি পছন্দ চয়ন করতে হবে। কিভাবে আপনি এটি করতে পারেন? "বিশ্বাসের দ্বারা, আমি এখন সবকিছু ছেড়ে দিয়েছি। আমি এখন ছেড়ে দিয়েছি, আর আমি একদিন সেখানে যাচ্ছি।"

অচিরে সুমধুরে,
আমরা মিলিত হব, সেই সুন্দর...

এখন আপনার আত্মায় প্রভুর আরাধনা করুন।

অচিরে সুমধুরে,
আমরা মিলিত হব...

কঠিন পথ, কিন্তু আমরা লাঞ্ছিত মণ্ডলীর সাথে একদিন দেখা করব।

আমাদের উদার পিতার কাছে,
আমরা আমাদের প্রশংসার শ্রদ্ধা নিবেদন করব,
তাঁর ভালবাসার মহিমান্বিত উপহারের জন্য,
আর সেই আশীর্বাদ যা আমাদের পবিত্র...

প্রভুর কিছু তুচ্ছ লোকের সাথে, বিশ্বাসের দ্বারা, আমি বেছে নিই।

সুমধুরে (সুমধুরে) অচিরে...(অচিরে)
আমরা সেই সুন্দর তীরে মিলিত হব; (অচিরে)
সুমধুরে (সুমধুরে) অচিরে,
আমরা সেই সুন্দর তীরে মিলিত হব।

সেখানে একটি দেশ আছে যা...

তাঁর আরাধনা করুন। এটাই আরাধনা।

...বিশ্বাস আমি দেখতে পাচ্ছি...

বিশ্বাসের দ্বারা আমি আমার পছন্দ চয়ন করি।

ওহ, পিতা অপেক্ষা করছেন...

146 আমি সেখানে প্রভুকে দেখছি, ভাই জর্জ, ভাই সিওয়ার্ড, সকল সাধুজন।

...সেখানে আমাদের আবাসস্থল। (হ্যাঁ, প্রভু!)
...সুমধুরে...

147 তাঁর পিতা, হাওয়ার্ড, এডওয়ার্ড, সকল পুরানো পবিত্র বন্ধুরা যারা সেই পথ নিয়েছিলেন, অতীতে, অনেক আগে।

সুমধুরে (হ্যাঁ, প্রভু!) অচিরে (অচিরে),
আমরা সেই সুন্দর তীরে মিলিত হব।

আমরা সেই সুন্দর গান গাইব...(হে ঈশ্বর!)
আশীর্বাদের সুমধুর গান, (ঈশ্বরের মহিমা হউক!)
...আর দুঃখ থাকবে না,
বিশ্রামের আশীর্বাদের জন্য দীর্ঘশ্বাস নয়।
(বিশ্রামের স্থান!)

সুমধুরে, সুমধুরে অচিরে...(অচিরে)
আমরা সেই সুন্দর তীরে মিলিত...

***বিশ্বাসের দ্বারা, মোশি*** BEN58-0720M

(By Faith, Moses)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সকালে, ২০ জুলাই, ১৯৫৮ খ্রীষ্টাব্দে, জেফারসনভিল, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## সত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org